# কুমিল্লা সিটি কর্পোরেশন
কুমিল্লা।

সরকার মাহমুদ জাবেদ
কাউন্সিলর ৩ নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
মোবাইল- ০১৭১১-৩২২৩৪১

সূত্র ঃ

তারিখ .............................

## ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনঃ

### ওয়ার্ড নং ০৩

| ক্রঃ নং | নাম | পরিচিতি ও সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | সরকার মাহমুদ জাবেদ | সাধারন আসনের কাউন্সিলর | সভাপতি |
| ০২ | কাউছারা বেগম সুমী | সংরক্ষিত আসনের কাউন্সিলর | সহ-সভাপতি |
| ০৩ | এস আর এম ফারুক | মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| ০৪ | জুলফিকার আগা বাসেত | ব্যবসায়ী প্রতিনিধি | সদস্য |
| ০৫ | জাহাঙ্গীর | নিম্নআয়ের প্রতিনিধি | সদস্য |
| ০৬ | ফজলে হাসনাত চাষী | সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি | সদস্য |
| ০৭ | শাহাদাত হোসেন নয়ন | সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি | সদস্য |
| ০৮ | নাহিদ সরকার | সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি | সদস্য |
| ০৯ | সোহাগ | সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১০ | কাইয়ুম | সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১১ | আইরিন আক্তার বিথী | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য |
| ১২ | তাজুল ইসলাম | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য |
| ১৩ | ওমর | সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠন | সদস্য |
| ১৪ | আব্দুর রহমান | সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠন | সদস্য |
| ১৫ | রিয়াদ | সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠন | সদস্য |
| ১৬ | ফেরদৌসী বেগম শিখা | নারী প্রতিনিধি/উদ্যোক্তা | সদস্য |
| ১৭ | ফারুকুল ইসলাম ফারুক | গনমাধ্যম প্রতিনিধি | সদস্য |
| ১৮ | এ এইচ এম মঞ্জুরুল হক | ওয়ার্ড সচিব | সদস্য সচিব |

সরকার মাহমুদ জাবেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।

# ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৩ নং ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) গঠন করা হয়েছে। এ কমিটি ওয়ার্ড পর্যায়ের নানাবিধ সমস্যা চিহ্নিতকরণ, পর্যালোচনা, সমাধানের উপায় এবং উন্নয়ন কর্মকান্ড টেকশই ও গতিশীল করার সহায়ক ভূমিকা পালন করবে। এ লক্ষ্যে ০৩নং ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটির (ডব্লিউএলসিসি) সভা আহ্বান করা হয়েছে। সভার সময়সূচি নিম্নরূপ-

| | |
|---|---|
| সভার স্থান | : ০৩নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় |
| তারিখ | : ০৭/১১/২০২৩খ্রি. |
| সময় | : রাত ৮.০০ঘটিকা |

০২। কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে উক্ত সভায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। আপনার মূল্যবান মতামত ও পরামর্শ ওয়ার্ড পর্যায়ে বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, পর্যালোচনা, সমাধানের উপায় এবং টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও বেগবান করায় সহায়তা করবে।

০৩। আলোচ্যসূচি:

০১। ওয়ার্ডের অবকাঠামো উন্নয়ন।
০২। নাগরিক সেবা-পরিষেবার মানোন্নয়ন।
০৩। পরিচ্ছন্নতা, জলাবদ্ধতা ও মশক নিধন কার্যক্রম।
০৪। ওয়ার্ড পর্যায়ে রাজস্ব আদায় কার্যক্রম। যেমন-হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, পানির বিল ইত্যাদি।
০৫। বিবিধ:

সরকার মাহমুদ জাবেদ
কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ০৩নং ওয়ার্ড কমিটি

প্রাপক:

জনাব/বেগম............................................................

অনুলিপি:

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০২. সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৩. পিএ টু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪. অফিস কপি

# কুমিল্লা সিটি কর্পোরেশন

## ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) সভার কার্যবিবরণী

সভাপতি : সরকার মাহমুদ জাবেদ
কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড, কুসিক
তারিখ : ০৭/১১/২০২৩খ্রি.
সময় : রাত ৮.০০ ঘটিকা
স্থান : ০৩ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় ।

কুমিল্লা সিটি কর্পোরেশনের সহকারী প্রকৌশলী জনাব ইঞ্জিঃ মোহাম্মদ ইউসুফ উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে স্বাগত জানিয়ে ও উক্ত সভার গুরুত্ব সম্পর্কে অবগত করে সভার কার্যক্রম শুরু করেন এবং সম্মানিত সভাপতি ০৩নং ওয়ার্ড সাধারণ আসনের কাউন্সিলর জনাব সরকার মাহমুদ জাবেদ মহোদয়কে স্বাগত বক্তব্য রাখার অনুরোধ জানান। সভাপতি মহোদয় তার মূল্যবান বক্তব্যে WLCC এর কার্যক্রম সম্পর্কে অবগত করে উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | সম্মানীত সভাপতি কাউন্সিলর জনাব সরকার মাহমুদ জাবেদ তার স্বাগত বক্তব্যে এই সভার গুরুত্ব সম্পর্কে উপস্থিত সকল সদস্য বৃন্দকে অবগত করেন এবং ওয়ার্ডে দৈনিক, পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচী, মশক নিধনের প্রক্রিয়াসহ দৈনন্দিক উন্নয়নমূলক বিভিন্ন কর্ম পদ্ধতি সম্পর্কে উপস্থিত সকলকে অবগত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, মহানগরবাসীর নগর সেবার মান আরো উন্নত করতে নগরীর হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ও পানির বিলসহ অন্যান্য সিটি কর সময়মতো পরিশোধ করলে নগর বাসীর জীবন মান উন্নয়ন করা সম্ভব হবে।<br>তিনি সকলকে সিটি কর প্রদানে উৎসাহ প্রদান করেন। পাশাপাশি সকল বকেয়া বিলগুলো দ্রুত পরিশোধের অনুরোধ জানান।<br>ওয়ার্ডের যে কোন সমস্যা যে কোন সময় কাউন্সিলর মহোদয়ের মোবাইল ফোন নাম্বারে অথবা ওয়ার্ড কার্যালয়ে সরাসরি অবগত করার অনুরোধ জানান। | | |
| ২. | বন্ধু সোস্যাল ফাউন্ডেশন প্রতিনিধি জনাব ফজলে হাসনাত চাষী বলেন, উত্তর রেইসকোর্স ধানমন্ডি রোডে যে ড্রেনেজ সমস্যা রয়েছে। সরেজমিনে পরিদর্শন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোহাম্মদ ইউসুফ জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হবে। | |
| ৩. | মানবতা ফাউন্ডেশন সদস্য জনাব নাহিদ সরকার বলেন, ২০২২সালের ১৫জুন কুমিল্লা ৩য় মেয়াদে নির্বাচন অনুষ্ঠিত হয়। আজ নির্বাচনের | সম্মানীত সভাপতি মহোদয় সদ্য টেন্ডার | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | ১বছরেরও অধিক দিন অতিক্রান্ত হলেও নগর ভবনের অতি নিকটতম ওয়ার্ড ০৩নং ওয়ার্ডে উন্নয়নের কোন ছোয়া লাগে নি। উন্নয়ন হবে এমন আশায় দিনের পর দিন পাড় করছে ওয়ার্ডবাসী। কবে উন্নয়ন কাজ শুরু হবে? এমন প্রশ্ন রাখেন তিনি। | হওয়া ০৩নং ওয়ার্ডের কিছু কাজ সম্পর্কে অবহিত করেন। এবং আরো কিছু প্রকল্প হাতে নেয়ার আশ্বাস প্রদান করেন। | |
| ৪. | সম্মানিত সদস্য জনাব সোহাগ বলেন শাসনগাছা রেল লাইনের সাথের রাস্তাটির বেহাল দশা। এই ভাঙ্গা রাস্তা দিয়ে চলাচল করতে গিয়ে প্রতিনিয়ত বিভিন্ন যানবাহন দূর্ঘটনায় কবলিত হচ্ছেন। মানুষ আহত হচ্ছেন। উক্ত রাস্তাটির স্থায়ীভাবে মেরামত কাজ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।<br>সম্মানীত সভাপতি মহোদয় বলেন- উক্ত রাস্তাটি সাময়িকভাবে চলাচলের উপযোগী করার জন্য আমাকে ইটের টুকরো ও বালু ফেলার জন্য মাননীয় মেয়র মহোদয় নির্দেশনা প্রদান করেন। আমি তা বাস্তবায়ন করেছি। | সদ্য টেন্ডার হওয়া প্রকল্পের তালিকায় উক্ত রাস্তাটি রয়েছে। অতি দ্রুত স্থায়ী সমাধান হবে। | |
| ৫. | **স্টার ক্রিকেট একাডেমী** সদস্য জনাব আব্দুর রহমান বলেন- আমরা যুবকরা মহল্লার বিভিন্ন খোলামেলা জায়গায় খেলাধুলা করি। কিন্তু ইদানিং লক্ষ্য করেছি ডাস্টবিনের অভাবে মানুষজন আমাদের খেলার স্থানগুলোতে ময়লা আবর্জনা ফেলে রাখে। যার ফলে তরুন যুবকদের খেলাধুলাতে বিঘ্ন ঘটার পাশপাশি পরিবেশও নষ্ট হচ্ছে। তাই আমাদের জরুরী ভিত্তিতে ডাস্টবিন প্রয়োজন। | কাউন্সিলর কর্তৃক মেয়র বরাবরে লিখিত আবেদনসহ জোর সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬. | সম্মানীত সদস্য জনাব কাইয়ুম বলেন- আমি প্রায়শ লক্ষ্য করেছি সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপনকৃত বৈদ্যুতিক সড়ক বাতিগুলো দিনের বেলায় অবাদে জ্বলে। যার ফলে অতিরিক্ত বিদ্যুৎ বিল আসে। যার বিল গুলো আমাদের টেক্সের টাকা থেকেই প্রদান করা হয়। অতএব বিষয়টি সমাধানের জন্য জোরালো দাবি জানান। | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোহাম্মদ ইউসুফ জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করে আগামী ০২কার্য দিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করা হবে হবে। | |
| ৭. | সম্মানীত নারী প্রতিনিধি জনাব ফেরদৌসী বেগম শিখা বলেন ০৩নং ওয়ার্ডের যে ড্রেনগুলো রয়েছে সেগুলোতে বর্ষাকালে পানি জমে জনদুর্ভোগ হচ্ছে। জরুরী ভাবে ড্রেনগুলো খনন করা প্রয়োজন। | ওয়ার্ড কার্যালয়ের আওয়াতাধীন দৈনিক লেবারদেরকে সঠিকভাবে কাজের তদারকি করে তাদের দ্বারা ড্রেন খনন করা জন্য ওয়ার্ড সচিব ও ওয়ার্ড জমাদারকে নির্দেশ দেয়া হয়। পাশাপশি প্রয়োজনে নগরভবনের | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | | কন্জারভেন্সি বিভাগ থেকে অতিরিক্ত লেবার এনে ড্রেন খনন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৮. | সম্মানীত সদস্য জনাব তাজুল ইসলাম বলেন, আমাদের রেইসকোর্স কাঠেরপুল সড়কটিতে কিছু অংশ পথচারী হাটার জন্য ফুটপাত নির্মান করা হয়েছে। কিন্তু সামান্য কিছু অংশে নির্মাণ করায় ফুটপাতটি যথাযথ কাজে আসছে না। পুরো ওয়ার্ডে ফুটপাত নির্মান করা হলে পথচারীদের নির্বিঘ্নে চলাচলের সুবিধা হতো। | পর্যায়ক্রমে মাসিক মিটিংয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। | |
| ৯. | সদস্য সচিব জনাব এ এইচ এম মঞ্জুরুল হক ০৩নং ওয়ার্ড সচিব বলেন, ভবিষ্যতে ওয়ার্ডের সার্বিক উন্নয়ন বাস্তবায়ন করতে হলে এভাবে ত্রৈমাসিক মিটিং করে ওয়ার্ডের নাগরিক সেবাসহ অন্যান্য যে কোন সমস্যা চিহ্নিত করলে উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকবে। | প্রতি ০৩(তিন)মাস অন্তর অন্তর উক্ত সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০. | পরিশেষে সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে ভবিষ্যতে এ ধরনে মিটিং এর আয়োজন করা হলে সকলে যেন উপস্থিত থাকে তার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

সরকার মাহমুদ জাবেদ
কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ০৩নং ওয়ার্ড কমিটি

অনুলিপি: সদয় অবগতির জন্য
০১। জনাব কাউছারা বেগম, প্যানেল মেয়র-০৩ ও কাউন্সিলর ১,২,৩ নং ওয়ার্ড এবং সহ-সভাপতি ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন
০২। জনাব মোহাম্মদ ইউসুফ, সহকারী প্রকৌশলী, কুমিল্লা সিটি কর্পোরেশন ও সভা সমন্বয়ক, ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন
০৩। সম্মানিত সদস্য(সকল)
০৪। অফিস কপি